



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

পঞ্চম পত্র

Time Allotted: 4 Hours

Full Marks: 100

পাঠ্য সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০
- (ক) ট্রাজেডির নায়ক চরিত্রের বৈশিষ্ট্য সম্পর্কে অ্যারিস্টটল কী বলেছেন? নায়ক চরিত্রের পতনের সম্পর্কে তাঁর মতের পরিচয় দাও।
- (খ) পৌরাণিক নাটক কাকে বলে? একটি বাংলা পৌরাণিক নাটক আলোচনা করে এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (গ) ত্রয়ী ঐক্য বলতে কোন্ কোন্ ঐক্যের কথা বোঝানো হয়েছে? ট্রাজেডিতে ত্রয়ী ঐক্য আবশ্যিক কিনা, আলোচনা করে দেখাও।
- (ঘ) রূপক নাটকের সংজ্ঞা দাও। একটি নাটক অবলম্বনে এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০
- (ক) ন্যাশনাল থিয়েটার কবে, কাদের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়? প্রথম রজনীতে কার, কোন্ নাটক অভিনীত হয়? সংক্ষেপে বাংলা থিয়েটারের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের অবদান আলোচনা করো।
- (খ) 'নাট্য নিয়ন্ত্রণ আইন' বাংলা নাটককে কতখানি প্রভাবিত করেছিল আলোচনা করো।
- (গ) বাংলা নাটকে ও রঙ্গমঞ্চে গিরিশচন্দ্র ঘোষের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) 'নবনাট্য' কাকে বলে? বাংলা নাটকের অগ্রগতির ক্ষেত্রে নবনাট্য আন্দোলনের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- ৩। 'নীলদর্পণ' নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৬
- অথবা
- 'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের সাফল্য ও ব্যর্থতা পরিমাপ করো। ১৬
- ৪। 'মুক্তধারা' নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতা ও হিংসাত্মক জাতীয়তার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন। আলোচনা করো। ১৬
- অথবা
- 'মুক্তধারা' নাটকের সংগীত প্রয়োগের সার্থকতা আলোচনা করো। ১৬

- ৫। ‘ছেঁড়া তার’ নাটকের সংলাপে আঞ্চলিক ভাষার প্রয়োগ কতটা সার্থক হয়েছে, আলোচনা করো। ১৬
- অথবা
- ‘ছেঁড়া তার’ নাটকের রহিম ও ফুলজান চরিত্র রচনায় নাট্যকারের কৃতিত্ব বিচার করো। ১৬
- ৬। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২
- (ক) ‘মুক্তধারা’ নাটকে ‘অম্মা’ চরিত্রটিকে আনা হয়েছে কেন ?
- (খ) “ওমা কি লজ্জা! বড় বাবুকে মুখখান দেখালাম।” - উক্তিটি কার ? এ উক্তি থেকে তার কী পরিচয় পাওয়া যায় ?
- (গ) ‘ছেঁড়া তার’ নাটকের শেষ দৃশ্যের গুরুত্ব কী ?
- (ঘ) “আরো, আরো, প্রভু, আরো আরো  
এমনি করেই মারো মারো।”  
গানটির প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।
- (ঙ) ‘নীলদর্পণ’ নাটকের নামকরণে ‘দর্পণ’ কথাটি রাখা হয়েছে কেন ?

—×—